ISO 9001: 2015 Certified

# ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
## পানালিয়া, নবাবগঞ্জ।

সদর দপ্তর, পানালিয়া, নবাবগঞ্জ
E-mail : dhakapbs2@gmail.com
Website: pbs2.dhaka.gov.bd

স্মারক নং- ২৭.১২.২৬৬২.৫৬১.০২.০০৮.২৪ ২২৯১

তারিখঃ ২১ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ
০৪ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ অস্থায়ী পদে (দৈনিক মজুরী ভিত্তিতে) পরিচ্ছন্নতা কর্মী নিয়োগের লক্ষ্যে বিজ্ঞপ্তি।**

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অফিস ও অফিস আঙ্গিনা পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণের লক্ষ্যে "পরিচ্ছন্নতা কর্মী" অস্থায়ী পদে (দৈনিক মজুরী ভিত্তিতে) নিয়োগের নিমিত্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম/ পদের সংখ্যা | বয়স সীমা | মজুরী | শিক্ষাগত প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | **পরিচ্ছন্নতা কর্মী অস্থায়ী পদে (দৈনিক মজুরী ভিত্তিতে) ০১ (এক) টি।** | ১৪/০৭/২০২৪ খ্রিঃ বয়স সীমা নূন্যতম ১৮ এবং অনুর্ধ্ব ৩০ বছর। | দৈনিক মজুরী ৫০০.০০ (পাঁচশত) টাকা | নূন্যতম অক্ষর জ্ঞান সম্পন্ন, প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, কর্মঠ, উত্তম চরিত্রের অধিকারী ও পরিস্কার পরিচ্ছন্নতা কাজে পারদর্শী হতে হবে। |

অন্যান্য শর্তাবলীঃ

০১। আবেদনকারীগণ কর্তৃক সাদা কাগজে (A4 সাইজ) জীবন বৃত্তান্তসহ চাকুরীর আবেদন আগামী ১৪/০৭/২০২৪ খ্রিঃ তারিখ এর মধ্যে অফিস চলাকালীন সিনিয়র জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২, পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা-১৩২০ বরাবর সরাসরি/ ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করতে হবে। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। খামের উপর প্রার্থীর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে;

**০২। নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবেঃ**

**(ক) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি।**

**(খ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর এর নিকট হতে চারিত্রিক ও নাগারিকত্ব সনদ।**

**(গ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।**

০৩) নির্বাচিত প্রার্থীকে **অস্থায়ী পদে (দৈনিক মজুরী ভিত্তিতে)** পবিস কর্তৃপক্ষ কর্তৃক পরিচ্ছন্নতা কর্মী হিসেবে কাজের অনুমতি প্রদান করা হবে এবং দৈনিক মজুরী হবে ৫০০/- (পাঁচশত) টাকা। নিয়োজিত থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন করতে হবে;

০৪) যে দিন কর্মে নিয়োজিত থাকবে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে শুধুমাত্র সেই দিনের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা মজুরী পাবেন;

০৫) অনুমতিপ্রাপ্ত পরিচ্ছন্নতা কর্মীর নিজ নামে ব্যাংকে একটি হিসাব নম্বর থাকবে এবং তাতে মাসিক ভিত্তিতে মোট মজুরী প্রদান করা হবে;

০৬) প্রার্থী কর্তৃক তার অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ন বা অসত্য বা অসঙ্গতি প্রমানিত হলে তার প্রার্থীতা বাতিল হবে।

**০৭) এ ধরণের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না বা প্রার্থীর এ বিষয়ে কোন দাবী গ্রহণযোগ্য হবে না। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যতদিন প্রয়োজন ততদিন " দৈনিক মজুরী" ভিত্তিতে কাজ করার অনুমতি বলবৎ থাকবে।**

০৮) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র সমিতির কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৯) পুলিশ প্রশাসন কর্তৃক প্রাক-পরিচয় যাচাই করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে/ কোন প্রকার তথ্য গোপনের সত্যতা পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তার কাজের অনুমতিপত্র বাতিল করা হবে ;

১০) প্রার্থীকে কাজের অনুমতি প্রদানের সময় কোন রেজিস্টার্ড চিকিৎসক/পবিসের রিটেইনার চিকিৎসক দ্বারা শারীরিক সুস্থতার সনদপত্র দাখিল করতে হবে;

১১) অবাধ্যতা, অননুমোদিত অনুপস্থিতি, অযোগ্যতা, অসদাচরণ বা দুর্নীতির দায়ে দোষী হলে তাৎক্ষণিকভাবে তার কাজের অনুমতিপত্র বাতিল করা হবে;

১২) যে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে অনুমতি হতে অব্যাহতি প্রদান করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে এবং শর্তাবলীতে উল্লেখ করা হয় নি এমন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১৩) বাছাই/নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। নির্বাচনী পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই ক্রমিক নং ২ এর মূল কপি প্রদর্শন করতে হবে।

১৪) অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী বাছাই/নির্বাচন/অনুমতিপত্র প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত-ই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৪.০৭.২৪

(প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়- বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

০১। জেলা প্রশাসক, ঢাকা।
০২। পুলিশ সুপার, ঢাকা।
০৩। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।

সদয় অবগতির জন্য

০৪। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৫। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন, বাপবিবোর্ড, ঢাকা।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ........................পবিস- ১/২/৩/৪।
০৯। নির্বাহী প্রকৌশলী, এসওডি (ঢাকা দঃ), বাপবিবোর্ড, ।
১০। ডিজিএম, দোহার জোনাল অফিস/সদর -কারিগরী, ঢাকা পবিস-২।
১১। এজিএম (ওএন্ডএম), বান্দুরা/নারিশা সাব-জোনাল অফিস, ঢাকা পবিস-২।
১২। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস/প্রশাসন), ঢাকা পবিস-২।
১৪। এজিএম (আইটি), ঢাকা পবিস-২ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিন- প্রয়োজনীয় দলিলাদিসহ)।
১৫। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (**https://pbs2.dhaka.gov.bd**), ঢাকা পবিস-২।
১৬। অফিস কপি/মাস্টার কপি।

০৪.০৭.২৪

(প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার